

## দুয়ারে সরকার ক্যাম্পেনে রূপশ্রী FAQ নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তর

### রূপশ্রীর সুবিধা পাওয়ার জন্য কে/কারা আবেদন করতে পারে?

যে কোনও বিবাহ করতে ইচ্ছুক মেয়ে রূপশ্রীর সুবিধা পেতে পারে, যদি :-

- (ক) আবেদনকারীর বয়স অন্ততঃ ১৮ বছর হয় এবং আবেদনপত্র জমা করার সময় সে অবিবাহিত হয়।
- (গ) প্রস্তাবিত বিয়েটি তার প্রথম বিয়ে হয়।
- (ঘ) আবেদনকারী পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা অথবা গত ৫ বছর যাবৎ পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা অথবা পিতা-মাতা পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়।
- (ঙ) যার পারিবারিক বাৎসরিক আয় ১ লক্ষ ৫০ হাজার টাকা বা তার কম হয় এবং
- (চ) প্রস্তাবিত পাত্রের বয়স অন্ততঃ ২১ বছর হয়।
- (ছ) তার নিজের নামে এমন একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকবে যার IFS কোড ও MICR কোড আছে যেখানে ই-পেমেন্টের সুবিধা আছে।

### আবেদনপত্রের সাথে কি কি নথি/তথ্যের প্রয়োজন?

নিম্নলিখিত নথিগুলি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে :

- ক) আবেদনকারীর বয়সের প্রমাণপত্র (উল্লেখ্য তথ্যের স্বপ্রত্যায়িত ফটোকপি) : জন্ম শংসাপত্র, ভোটারের এপিক কার্ড/প্যান কার্ড/মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/আধার কার্ড/সরকার অনুমোদিত বিদ্যালয় ছাড়ার শংসাপত্র,
- খ) কখনোই বিবাহ করেননি, এই মর্মে আবেদনকারীর স্বঘোষণা,
- গ) পারিবারিক আয় : আবেদনকারীর স্বঘোষণা,
- ঘ) বসবাসের প্রমাণপত্র : আবেদনকারীর স্বঘোষণা,
- ঙ) ব্যাঙ্ক অ্যাকাউন্ট : ব্যাঙ্কের বইয়ের যে পাতাগুলিতে অ্যাকাউন্ট হোল্ডারের নাম, অ্যাকাউন্ট নং, ব্যাঙ্কের নাম-ঠিকানা, IFS কোড ও MICR কোড এবং অন্যান্য তথ্যাদি আছে সেই পাতা/গুলি আবেদনকারী দ্বারা স্বপ্রত্যায়িত নকল,
- চ) প্রস্তাবিত বিবাহের প্রমাণ : উল্লেখ্য যেকোনো একটি: বিবাহের নিমন্ত্রণের কার্ড/বিবাহ নথিভুক্তকরণের নোটিশ (ম্যারেজ রেজিস্ট্রেশন নোটিশ)/স্বঘোষণা,
- ছ) প্রস্তাবিত পাত্রের বয়সের প্রমাণপত্র : নিম্নোক্তগুলির মধ্যে যে কোনো একটি : জন্ম শংসাপত্র/ভোটারের এপিক কার্ড/প্যান কার্ড/মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/আধার কার্ড/প্রাথমিক বিদ্যালয় ছাড়ার শংসাপত্র (প্রস্তাবিত পাত্রের দ্বারা প্রত্যায়িত),
- জ) আবেদনকারী এবং প্রস্তাবিত পাত্রের সাম্প্রতিক রজিন পাসপোর্ট সাইজের ছবি।

### কি ধরনের সুবিধা পাওয়া যায়?

এই প্রকল্প থেকে এককালীন পঁচিশ হাজার টাকা (২৫০০০/- টাকা) পাওয়া যায় বিবাহের আগে।

### ফর্ম কোথায় পাওয়া যায়?

এই প্রকল্পের আবেদনপত্র বিনামূল্যে নিম্নলিখিত অফিসগুলি থেকে পাওয়া যায়:

- ক) গ্রামীণ এলাকার জন্য সংশ্লিষ্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসারের অফিস
- খ) মিউনিসিপাল এলাকার জন্য সাব-ডিভিশনাল অফিসারের অফিস
- গ) কর্পোরেশন এলাকার ক্ষেত্রে কমিশনারের অফিস, বরো অফিস বা ওয়ার্ড অফিস

এই ফর্ম <http://www.wbcdwds.gov.in> পোর্টাল থেকে ডাউনলোড করেও পাওয়া যায়।

### **ফর্ম কোথায় জমা দিতে হবে?**

সকল প্রয়োজনীয় কাগজপত্র এবং শংসাপত্র দিয়ে সম্পূর্ণ আবেদনপত্রটি আবেদনকারীর বসবাসের এলাকার সংশ্লিষ্ট ব্লক অফিসে, সাব-ডিভিশন অফিসে অথবা মিউনিসিপাল কর্পোরেশনের কমিশনারের অফিসে জমা দিতে হবে এবং প্রস্তাবিত বিবাহের তারিখের ৩০ থেকে ৬০ দিন আগে জমা দিতে হবে।

### **আবেদন কিভাবে অনুমোদিত হয় এবং উপভোক্তার কাছে কিভাবে প্রকল্পের সুবিধা পৌঁছে দেওয়া হয়?**

অনুসন্ধানকারী আধিকারিক আবেদনকারীর বসবাসের এলাকায় আবেদনপত্র এবং সংশ্লিষ্ট তথ্যাদি অনুসন্ধান করে রিপোর্ট জমা দেবেন। অনুমোদনকারী আধিকারিক (বি.ডি.ও./এস.ডি.ও./কমিশনার) সফলভাবে যাচাই করা আবেদনপত্রগুলি অনুমোদন করবেন এবং নেতিবচক তথ্য সম্বলিত আবেদনপত্রগুলি বাতিল করবেন। ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসার অনুমোদনপ্রাপ্ত আবেদনকারীকে অনুমোদিত অর্থ সরাসরি তার ব্যাঙ্কে ট্রান্সফার করবেন। এখন এটি সম্পূর্ণভাবে অনলাইন পদ্ধতি এবং এই ওয়েবসাইটটি হল [www.wbrupashree.gov.in](http://www.wbrupashree.gov.in)।